# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

**Website: www.butex.edu.bd**

## ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষদে নিম্নবর্ণিত বিভাগসমূহে ৪ (চার) বছর মেয়াদী বি. এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে লেভেল-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। বিভাগ অনুযায়ী আসন সংখ্যা, আবেদনের তারিখ, লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীর তালিকা, প্রবেশপত্র ডাউনলোড, ভর্তি পরীক্ষা ও ফলাফল প্রকাশের তারিখ এবং নিয়মাবলী নিম্নরূপঃ

| বিভাগ | আসন সংখ্যা | আবেদনের সময়সীমা | লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ | প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|---|---|
| (১) ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং | ৮০ | ১১/১১/২৫ তারিখ সকাল ১০:০০ টা হতে ১১/১২/২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত | ২১/১২/২৫ | ২৩/১২/২৫ তারিখ সকাল ১০:০০ টা হতে ৩০/১২/২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত | ০৯/০১/২৬ তারিখ শুক্রবার সকাল ১০:০০ টা হতে ১২:০০ টা পর্যন্ত | ২৫/০১/২৬ |
| (২) ফেব্রিক ইঞ্জিনিয়ারিং | ৮০ | | | | | |
| (৩) ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং | ৮০ | | | | | |
| (৪) এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৮০ | | | | | |
| (৫) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট | ৮০ | | | | | |
| (৬) টেক্সটাইল ফ্যাশন এন্ড ডিজাইন | ৪০ | | | | | |
| (৭) ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | ৪০ | | | | | |
| (৮) টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটেনেন্স | ৪০ | | | | | |
| (৯) ডাইজ এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ৪০ | | | | | |
| (১০) এনভায়রনমেন্টাল সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪০ | | | | | |
| (১১) টেক্সটাইল ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং | ৩০ | | | | | |
| সর্বমোট আসন সংখ্যাঃ | ৬৩০ | | | | | |

**আবেদন ফিঃ**

আবেদনকারীকে ৩০০/- (তিনশত) টাকা ফি প্রদানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে এবং লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীকে ১২০০/- (এক হাজার দুইশত) টাকা প্রদান করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

**ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

(ক) আবেদনকারীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশী হতে হবে।

(খ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ ৪.০০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

(গ) ২০২৫ সালে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এইচ. এস. সি. কিংবা উহার সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ ৪.০০ এবং গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ে সর্বমোট কমপক্ষে ১৭.৫০ গ্রেড পয়েন্ট পেতে হবে। উল্লেখিত প্রতিটি বিষয়ে আলাদাভাবে ন্যূনতম ৩.৫০ গ্রেড পয়েন্ট থাকতে হবে।

(ঘ) গণিত, পদার্থ এবং রসায়ন বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের উপর ভিত্তি করে মেধার ভিত্তিতে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ১৪,০০০ (চৌদ্দ হাজার) জন যোগ্য প্রার্থীর তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং একই সাথে SMS এর মাধ্যমে জানানো হবে।

(ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাশ করে থাকলে, তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ে আলাদা আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয়ে আলাদা আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে।

প্রার্থীকে ২০২৫ সাল বা তার পরে GCE 'A' লেভেলের ফলাফল প্রাপ্ত হতে হবে। Equivalence Certificate প্রাপ্তির জন্য ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা অর্থ ও হিসাব দপ্তরে নগদ প্রদানপূর্বক 'O'লেভেল এবং 'A'লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ০৪/১২/২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

**SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির প্রাথমিক আবেদন প্রক্রিয়াঃ**

(ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BUT<স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>HSC পাশের সাল<স্পেস>SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>SSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>SSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ BUT DHA 123456 2025 DHA 654321 2023 দিতে হবে। উদাহরণটি ঢাকা বোর্ডের জন্য। এখানে 123456 এর জায়গায় HSC ও 654321 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর হবে।

বিভিন্ন বোর্ডের সংক্ষিপ্ত রূপ হবে; ঢাকা (DHA), রাজশাহী (RAJ), চট্টগ্রাম (CHA), দিনাজপুর (DIN), সিলেট (SYL), যশোর (JAS), কুমিল্লা (CUM), বরিশাল (BAR), ময়মনসিংহ (MYM), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC অথবা VOC), English Medium (GCE)।

(খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক এবং প্রার্থী যোগ্য হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BUT<স্পেস>YES<স্পেস>PIN নম্বর<স্পেস>আবেদনকারীর মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করে এমন যেকোন অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে। উদাহরণঃ BUT YES 87654321 01XXXXXXXXX। এই উদাহরণের 87654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন ফি ৩০০/- (তিনশত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

আবেদনের সর্বশেষ সময়সীমা ১১/১২/২৫ তারিখ রাত ১১:৫৯ টায় শেষ সময়ে যারা প্রথম SMS সফলভাবে পাঠিয়ে PIN নম্বর পাবে তারা পরবর্তী ২৪ ঘন্টা অর্থাৎ ১২/১২/২৫ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে দ্বিতীয় SMS অর্থাৎ টাকা জমাদানের SMS পাঠাতে পারবে।

(গ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার আবেদনের নির্দিষ্ট ফি কেটে নিয়ে SMS এর মাধ্যমে Confirmation Reply জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না। Confirmation Reply টি হবে এরকমঃ Application fee received successfully for BUTEX admission: 2025-2026, Receipt ID: 1XXXXXXX. Eligible list of written test will be notified by SMS & published at www.butex.edu.bd

**SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে লিখিত পরীক্ষায় আবেদন প্রক্রিয়াঃ**

(ক) লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের তারিখ ২১/১২/২৫। গণিত, পদার্থ এবং রসায়ন বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা হতে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রথম ১৪,০০০ (চৌদ্দ হাজার) জন প্রার্থীর তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(খ) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BUT<স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>HSC পাসের সাল <স্পেস>SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>SSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ BUT DHA 123456 2025 DHA 654321 2023 দিতে হবে। উদাহরণটি ঢাকা বোর্ডের জন্য। এখানে 123456 এর জায়গায় HSC, 654321 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর হবে।

**কোটায় আবেদনকারীর প্রতি নির্দেশাবলীঃ**

কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।
নির্দিষ্ট কোটাসমূহ হলো মুক্তিযোদ্ধা কোটা (FFQ) এবং উপজাতীয় কোটা (TQ)। **আবেদন করার সময় প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট কোটা উল্লেখ করতে হবে। আবেদনে কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটার আবেদন বিবেচনা করা হবে না।**
উদাহরণঃ BUT DHA 123456 2025 DHA 654321 2023 FFQ । এটি ঢাকা বোর্ড ও মুক্তিযোদ্ধা কোটার (FFQ) জন্য প্রযোজ্য।

**GCE 'O'/'A' লেভেলের আবেদনকারীর প্রতি নির্দেশাবলীঃ**

GCE 'O'/'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।
উদাহরণঃ BUT GCE 123456 2025, এখানে 123456 এর জায়গায় আবেদনকারীকে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Equivalence Certificate এর Candidate নম্বরটি দিতে হবে।

(গ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BUT<স্পেস>YES<স্পেস>PIN নম্বর<স্পেস>আবেদনকারীর মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।
এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করে এমন যে কোনো অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে। উদাহরণঃ BUT YES 87654321 01XXXXXXXXX। এখানে 87654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে লিখিত পরীক্ষার ফি ১২০০/- (এক হাজার দুইশত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না। লিখিত পরীক্ষার ফি জমাদান এবং প্রবেশপত্র ডাউনলোডের সর্বশেষ সময় ৩০/১২/২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।

(ঘ) আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে SMS এর মাধ্যমে সাথে সাথেই User ID ও Password জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না। Confirmation Reply টি হবে এ রকমঃ Examination fee received successfully for BUTEX admission: 2025-2026, Receipt ID: XXXXXXXX, User ID: 87654321, Password: abcdef. For admit card, please visit: http://but.teletalk.com.bd
**প্রার্থীকে অবশ্যই তার User ID, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে।**

(ঙ) কোন কারণে User ID, Password হারালে শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে নিম্নোক্ত উপায়ে তা পাওয়া যাবে ঃ
(১) User ID জানা থাকলে BUT<স্পেস>HELP<স্পেস>USER<স্পেস>User ID লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ Password জানা যাবে। উদাহরণঃ BUT HELP USER 87654321
(২) User ID, Password দুটিই হারালে BUT<স্পেস>HELP<স্পেস>PIN<স্পেস>PIN নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password জানা যাবে। উদাহরণঃ BUT HELP PIN 87654321

(৩) User ID, Password ও PIN নম্বর হারালে BUT<স্পেস>HELP<স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর<স্পেস>HSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password ও PIN জানা যাবে। উদাহরণঃ BUT HELP DHA 123456 2025

**ছবি এবং স্বাক্ষর আপলোডঃ**

আবেদনকারীর ছবি (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 300 pixel এবং ফাইল সাইজ সর্বোচ্চ 100 KB হতে হবে। সাদা কালো ছবি গ্রহণযোগ্য নয়। স্বাক্ষর (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 80 pixel এবং ফাইল সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

**প্রবেশপত্র সংগ্রহ ঃ**

আবেদনকারী লিখিত পরীক্ষার ফি ১২০০/- (এক হাজার দুইশত) টাকা প্রদানের পর প্রবেশপত্র প্রাপ্তির জন্য http://but.teletalk.com.bd এ ব্রাউজ করতে হবে। BUT এডমিশন অপশনে ক্লিক করে স্ব স্ব User ID ও Password দিয়ে লগইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে। তথ্যসমূহ নির্ভুলভাবে সাবমিট করলে আবেদনকারী তাৎক্ষণিকভাবে ভর্তি পরীক্ষার রোল নম্বর, ছবি ও স্বাক্ষর সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। ডাউনলোডকৃত প্রবেশপত্র রঙ্গিন প্রিন্ট করতে হবে। **প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা ২৩/১২/২৫ হতে ৩০/১২/২৫ তারিখ পর্যন্ত।**

**লিখিত পরীক্ষার নম্বর ও বিষয়সমূহঃ**

মোট ২০০ নম্বর; গণিত- ৬০, পদার্থ- ৬০, রসায়ন- ৬০ এবং ইংরেজি- ২০।

**লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মাবলী অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ**

(ক) ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার নির্ধারিত সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) প্রশ্নপত্র বাংলা এবং ইংরেজি উভয় মাধ্যমে হবে।

(গ) ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের প্রোগ্রামেবল ক্যালকুলেটর, সীমযুক্ত ইলেকট্রনিক ডিভাইস, স্মার্ট ঘড়ি, মোবাইল কিংবা কোন প্রকার স্মার্ট উপকরণ সঙ্গে রাখা ও ব্যবহার করা যাবে না।

(ঘ) কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

**ফলাফল প্রকাশঃ**

ভর্তি পরীক্ষার ফলাফল অত্র বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে (www.butex.edu.bd) প্রকাশ করা হবে।

**প্রার্থী নির্বাচনঃ**

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং সর্বোচ্চ ৪৫০০ (চার হাজার পাঁচশত) জন প্রার্থীর মেধা তালিকা প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় ৪০% এর নীচে নম্বর প্রাপ্তদের (সব ধরনের কোটাসহ সকলের জন্য প্রযোজ্য) মেধা তালিকা প্রকাশ করা হবে না। তবে ভর্তি কমিটি বাস্তব প্রয়োজনে নির্ধারিত ৪০% নম্বর এবং উল্লেখিত সংখ্যা পরিবর্তন করতে পারবে।

**বিভাগ নির্বাচনঃ**

প্রার্থীর মেধাক্রম ও পছন্দ অনুযায়ী সাক্ষাৎকারের মাধ্যমে বিভাগ নির্ধারণ করা হবে।

**কোটা এবং সংরক্ষিত আসনঃ**

কোটা এবং সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তি পরীক্ষায় যথারীতি অংশগ্রহণ করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় প্রতি বিভাগে মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ০১ জন করে সর্বমোট ১১টি আসন এবং উপজাতীয় কোটায় মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ২টি আসন সংরক্ষিত থাকবে। **সংরক্ষিত আসনের জন্য SMS এর মাধ্যমে আবেদন করার সময় নিজ নিজ কোটার অপশন অবশ্যই উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনকারী কোটা সুবিধা প্রাপ্য হবে না।** সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই উপজাতী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে উপজাতী মর্মে প্রত্যয়ন পত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে ও সত্যায়িত কপি দাখিল করতে হবে। **মুক্তিযোদ্ধা কোটা শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রেই প্রযোজ্য হবে।**

**বিশেষ নির্দেশাবলীঃ**

(ক) ভর্তি পরীক্ষার দিন **রঙ্গিন প্রিন্ট করা ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং আবেদন পত্রের সাথে ছবি মিলিয়ে পরীক্ষার্থীকে সনাক্ত করা হবে।** কোন রকম অসামঞ্জস্যতা দেখা গেলে পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল করা হবে।

(খ) ভর্তি সংক্রান্ত কারিগরি সহায়তার জন্য যেকোন টেলিটক নম্বর হতে **১২১** অথবা অন্য যেকোন অপারেটর থেকে **০১৫০০-১২১১২১** নম্বরে অফিস চলাকালীন সময়ে (শনিবার হতে বৃহস্পতিবার, সকাল ৮.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত) জানা যাবে।

(গ) ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য অফিস চলাকালীন সময়ে (রবিবার হতে বৃহস্পতিবার, সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত) **০১৫৫৪-৯২৬২২০** নম্বরে ফোন করে জানা যাবে।

(ঘ) ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

05.11.25

(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)